রেজিস্টার্ড নং ডি এ-১ ২০২৩ সনের ৪৮ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ৩০, ২০২৩

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৮৪৫—৮৫৫ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১৪৯৫—১৫৫৩ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৩৬৯—১৪১৬ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৪৫ |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ..............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

জাতীয় রাজস্ব বোর্ড
[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]

[প্রজ্ঞাপন]

**তারিখ: ৩১ আশ্বিন, ১৪৩০বঙ্গাব্দ/১৬ অক্টোবর, ২০২৩ খ্রিষ্টাব্দ**

নং ৪২/২০২৩/কাস্টমস/৫০০—The Customs Act, 1969 (Act-iv of 1969) এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতা বলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক চট্টগ্রাম সমুদ্র বন্দরে অবস্থিত মেসার্স পোর্টল্যান্ড ইন্টারন্যাশনাল (বিডি) লিমিটেড নামীয় "শীপ স্টোরস" (বন্ড লাইসেন্স নং-৫(১৩) কাবক/চট্ট/বন্ড/(সাঃ)/শুল্ক মুক্ত বিপণী/১০/২০১৫ তারিখ: ১৩-০৭-২০১৫ খ্রিঃ) এর অনুকূলে ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য নিম্নবির্ণত বার্ষিক আমদানী প্রাপ্যতা নির্ধারণ করা হলো :

| ক্রমিক নং | আমদানিকৃত পণ্য | ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য বার্ষিক আমদানি প্রাপ্যতা (মার্কিন ডলার) |
|---|---|---|
| ১ | লুব্রিকেন্টস ও লুব্রিকেটিং অয়েল | ৬০,০০০.০০ |
| ২ | পেইন্ট (থিনারসহ) | ৫,০০০.০০ |
| ৩ | শীপ স্টোরস আইটেম (ওয়্যার রোপসহ) | ৫,০০০.০০ |
| | সর্বমোট = | ৭০,০০০.০০ (সত্তর হাজার) |

**মুহা: মাহবুবুর রহমান**
প্রথম সচিব (কাস্টমস:রপ্তানি ও বন্ড)।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www. bgpress. gov. bd

**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**

**আদেশ**

তারিখ: ০২ কার্তিক ১৪৩০/১৮ অক্টোবর ২০২৩

নং ১৭.০০.০০০০.০৮৩.২৭.০১৮.২৩-২১৭—যেহেতু, জনাব খন্দকার জাহাঙ্গীর হোসেন, উপজেলা নির্বাচন অফিসার, বাজিতপুর, কিশোরগঞ্জ এর বিরুদ্ধে বিধি বহির্ভূতভাবে ও অনৈতিকভাবে মোট ১৩ টি জাতীয় পরিচয়পত্রের তথ্য পরিবর্তনের অভিযোগ জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ হতে উত্থাপিত হয়;

যেহেতু, তিনি ইচ্ছাকৃতভাবে কার্ড ম্যানেজমেন্ট সিস্টেমের অপব্যবহার করতঃ তার ব্যবহৃত ইউজার আইডি (i hossain) হতে ১৩ টি জাতীয় পরিচয়পত্রের তথ্য পরিবর্তন করেছেন; উক্ত তথ্য পরিবর্তনের প্রমাণ বিলুপ্তির উদ্দেশ্যে পরিবর্তিত ফিল্ডস সিস্টেম থেকে অপসারণ করতঃ তার উপর অর্পিত দায়িত্ব পালনের চরম অবহেলা প্রদর্শন করেছেন; এবং তার এহেন কর্মকান্ড কারিগরি তদন্তে সুস্পষ্ঠরূপে প্রমাণিত;

যেহেতু, উক্তরূপ তথ্য পরিবর্তনের ক্ষেত্রে তার User Id., Password ও OTP অন্যের সাথে শেয়ার করে দায়িত্ব জ্ঞানহীনতার পরিচয় দিয়েছেন মর্মে প্রশাসনিক তদন্তে প্রমাণিত;

যেহেতু, তার এহেন কার্যকলাপ শৃঙ্খলা পরিপন্থি হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা নং-০৯/২০২৩ রুজু করা হয় এবং বিধি মোতাবেক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী গঠন করা হয়; এবং অভিযোগনামার জবাবে তিনি ব্যক্তিগত শুনানির অভিপ্রায় ব্যক্ত করেন;

যেহেতু, তিনি ব্যক্তিগত শুনানিকালে মৌখিক ও লিখিত বক্তব্যে তার বিরুদ্ধে আনীত অভিযোগের সত্যতা স্বীকার করেন;

যেহেতু, শুনানিকালে তার স্বীকারোক্তি,কারিগরি ও প্রশাসনিক তদন্ত প্রতিবেদন, বিভাগীয় মামলার সংশ্লিষ্ট নথি ও প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত এবং উক্ত বিধিমালার বিধানানুসারে তিনি দণ্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, জনাব খন্দকার জাহাঙ্গীর হোসেন, উপজেলা নির্বাচন অফিসার, বাজিতপুর, কিশোরগঞ্জ এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী "অসদাচরণ" এর দায়ে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার বিধি ৪ এর উপবিধি ২(ঘ) অনুযায়ী তার বেতন স্থায়ীভাবে " বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ" সূচক লঘুদণ্ড প্রদান করা হলো। তার বর্তমান গ্রেড-৭, বেতন স্কেল: ২৯,০০০—৬৩,৪১০/- এবং মূল বেতন ৫২,১৬০/-টাকা । জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী তার মূল বেতন ৭ম গ্রেডের বর্তমান মূল বেতনের ধাপের পূর্ববর্তী নিম্নতর ধাপ অর্থাৎ ৪৯,৬৭০/-টাকায় স্থায়ীভাবে অবনমিত করার আদেশ প্রদান করা হলো। একই সাথে তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা নং-০৯/২০২৩ নিষ্পত্তি করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ জাহাংগীর আলম**
সচিব।

---

**অর্থ মন্ত্রণালয়**
**অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি)**
**এডিবি-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ:১৬ অক্টোবর ২০২৩

নং ০৯.০০.০০০০.১২৫.১৪.০০২.২২-৩৪৯—এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর সঙ্গে স্থানীয় সরকার বিভাগের আওতায় বাস্তবায়িতব্য Vaccines, Therapeutics and Diagnostics Manufacturing and Regulatory Strengthening Project (VTDMRS) under the Asia-Pacific Vaccine Access Facility-শীর্ষক প্রকল্পের নেগোসিয়েশনের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে বাংলাদেশ প্রতিনিধিদল গঠন করা হলঃ

| | | |
|---|---|---|
| ক | মোঃ মোস্তাফিজুর রহমান, অতিরিক্ত সচিব ও অনুবিভাগ প্রধান, এডিবি অনুবিভাগ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | দলনেতা |
| খ | নার্গিস খানম, অতিরিক্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ | সদস্য |
| গ | এস. এম. জাকারিয়া হক, যুগ্মসচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | ” |
| ঘ | মুহাম্মদ ফারুক-উজ-জামান, যুগ্ম সচিব, অর্থ বিভাগ | ” |
| ঙ | শায়লা শার্মিন জামান, যুগ্ম সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ | ” |
| চ | সৈয়দ আশরাফুজ্জামান, যুগ্ম সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | ” |
| ছ | মোহাম্মদ খুরশীদ আলম, এফসিএমএ, কোম্পানী সেক্রেটারি, ইডিসিএল | ” |
| জ | প্রফেসর(ড.) এহছানুল কবীর, ম্যানেজিং ডাইরেক্টর এবং সিইও, ইডিসিএল | ” |
| ঝ | মনিরা পারভীন, উপসচিব, স্বাস্থ্য সেবা বিভাগ | ” |
| ঞ | মোঃ সালাহউদ্দিন, পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর | ” |

| | | |
|---|---|---|
| ট | মোঃ গোলাম মোসাদ্দেক, সিনিয়র সহকারী প্রধান, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন | সদস্য |
| ঠ | প্রতিনিধি, আইএমইডি | ” |
| ড | ফাহমিদা বেগম, সিনিয়র সহকারী সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | ” |
| ঢ | বি. এম. ইমাম হাসান, জিএম প্রকল্প উন্নয়ন, ইডিসিএল | ” |
| ণ | প্রতিনিধি, জাতীয় রাজস্ব বোর্ড | ” |
| ত | মোঃ ওয়ালীউল হাসান, সিনিয়র সহকারী সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | ” |

**২। নেগোসিয়েশনের তারিখ, সময় ও স্থানঃ**

| তারিখ | সময় | স্থান |
|---|---|---|
| ১৮ অক্টোবর ২০২৩ | সকাল ১১.০০ টা | Virtually |

৩। লোন নেগোসিয়েশনের জন্য উপরে বর্ণিত বাংলাদেশ প্রতিনিধিদলের সকল সদস্য যথাসময়ে নেগোসিয়েশনে অংশগ্রহণ করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ ওয়ালীউল হাসান**
সিনিয়র সহকারী সচিব।

---

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**
**ডি-৭, শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০১ কার্তিক ১৪৩০/১৭ অক্টোবর ২০২৩

**নং ২৩.০০.০০০০.০৭০.১৯.০৮৬.১৯.১৮৯**—বাংলাদেশ বিমান বাহিনীর নিম্নবর্ণিত কর্মকর্তাকে বিমান বাহিনী নির্দেশিকা ১/৯৩-এর ১(খ) অনুযায়ী ৫ নং কলামে বর্ণিত তারিখ থেকে শাখা পরিবর্তন করা হলো:

| ক্র.নং | কর্মকর্তার পদবি, নাম, নম্বর ও বিদ্যমান শাখা | বিদ্যমান শাখায় কমিশনের তারিখ | সুপারিশকৃত শাখা | শাখা পরিবর্তনের তারিখ |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | স্কোয়াড্রন লীডার মোঃ সাইফুল মনির (বিডি/৯৪৫৬), জিডি(পি) | ০১ ডিসেম্বর ২০০৯ | এডমিন শাখা | ২৫ মে ২০২৩ |

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**নাহিদা পারভীন**
সিনিয়র সহকারী সচিব।

---

**নৌপরিবহন মন্ত্রণালয়**
**জাহাজ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০১ কার্তিক, ১৪৩০/১৭ অক্টোবর, ২০২৩

**নং ১৮.০০.০০০০.০২৪.২৪.০০৫.২০২০ (অংশ-১)-১৮২**—বাংলাদেশ সমুদ্র পরিবহন (নাবিক নিয়োগ)বিধিমালা, ২০০১ এর ৩(১) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক নিম্নেবর্ণিত সদস্যদের সমন্বয়ে নাবিক নিয়োগ বোর্ড (Seamen's Employment Board) পুনর্গঠন করা হলো:

**নাবিক নিয়োগবোর্ডের গঠন:**

**সভাপতি**

১. যুগ্মসচিব (জাহাজ), নৌপরিবহন মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

২. নৌপরিবহন অধিদপ্তরের ০১ জন প্রতিনিধি (৪র্থ গ্রেড)

৩. পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর

৪. অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট

৫. ব্যক্তিমালিকানাধীন সমুদ্রগামী জাহাজ কোম্পানীসমূহের (BOGSOA) একজন প্রতিনিধি

৬. বিদেশী জাহাজ মালিকদের বাংলাদেশস্থ প্রতিনিধি, বর্তমানে International Maritime Employers' Council Ltd (IMEC)

৭. মেসার্স হক এন্ড সন্স লিঃ এর একজন প্রতিনিধি

৮. বাংলাদেশ সীফ্যারার্স ইউনিয়নের একজন প্রতিনিধি

৯. বাংলাদেশ সীম্যান্স এসোসিয়েশনের একজন প্রতিনিধি

১০. বিএসসি সীম্যান্স এসোসিয়েশনের একজন প্রতিনিধি

**সদস্য-সচিব**

১১. শিপিং মাস্টার, সরকারি শিপিং অফিস

**০২. কার্যপরিধি (TOR)**

উক্ত বোর্ড বাংলাদেশ সমুদ্র পরিবহন (নাবিক নিয়োগ) বিধিমালা, ২০০১ এ বর্ণিত বিধিমালা অনুসারে কার্যাদি সম্পাদন করবে। বাংলাদেশী নাবিকদের নিয়োগ ও কল্যাণের ক্ষেত্রে অধিকতর উৎকর্ষ সাধনের জন্য বোর্ড নিম্নে উল্লিখিত কার্যাদি সম্পাদন করবে:

(ক) নাবিকদের পদোন্নতি, চাকরির শর্তাবলি, বিভিন্ন রোস্টার সংক্রান্ত বিষয়াবলি, শৃঙ্খলা সংক্রান্ত বিষয়াবলি এবং নাবিক নিয়োগকারী সংস্থার মধ্যে উদ্ভূত বিভেদ পরিহার ও সমন্বয় সাধনের মাধ্যমে নাবিকদের নিয়োগ ও কল্যাণের ক্ষেত্রে তাৎক্ষণিক সিদ্ধান্ত গ্রহণ;

(খ) যে সকল বিষয়ে এই বোর্ড সিদ্ধান্ত গ্রহণে অসমর্থ হবেন সেক্ষেত্রে সংযুক্তিসহ প্রস্তাব মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর এবং সিনিয়র সচিব/সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় বরাবরে পেশ করতে হবে এবং এ সকল ক্ষেত্রে সিনিয়র সচিব/সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় কর্তৃক চূড়ান্ত সিদ্ধান্ত গৃহীত হবে;

(গ) নাবিকদের কর্মসংস্থান বৃদ্ধির লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ সম্পর্কে সময় সময় সিনিয়র সচিব/সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ;

(ঘ) বিদেশী জাহাজে কর্মরত বাংলাদেশী নাবিকদের সুবিধা/অসুবিধা বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ প্রদান;

(ঙ) বোর্ড তার কার্যবিবরণীর অনুলিপি নিয়মিতভাবে সিনিয়র সচিব/সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় এবং মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তরে পেশ করবে।

০৩। প্রয়োজনে কমিটি যেকোনো সদস্যকে কোঅপ্ট করতে পারবে।

০৪। এতদ্বারা নৌপরিবহন মন্ত্রণালয়ের ২৫-১০-২০০৩ খ্রিষ্টাব্দের প্রজ্ঞাপন নম্বর ০৪(১৩)/৯৪-জা-২-৪৪৭ মূলে গঠিত কমিটি বাতিল বলে গণ্য হবে।

০৫। জনস্বার্থে জারীকৃত এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সৈয়দ আলী আহসান**
উপসচিব।

---

**রেলপথ মন্ত্রণালয়**
**প্রশাসন-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০২ কার্তিক ১৪৩০/১৮ অক্টোবর ২০২৩

নং **৫৪.০০.০০০০.০০৭.১১.০২৪.১৭.১৯৮**—জনাব সাব্বির আহমেদ, সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়-এর বিরুদ্ধে ১২-০২-২০২৩ হতে ১৮-১০-২০২৩ তারিখ পর্যন্ত অনুমতি ব্যতীত ০৮ (আট) মাস ০৬ (ছয়) দিন কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগ তদন্তে সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় রেলপথ মন্ত্রণালয়ের ১৭-০৫-২০১৭ তারিখের ৫৪.০০.০০০০.০০৭.১১.০৮২.১১.৫০২ নং নিয়োগ প্রজ্ঞাপনের শর্ত (ঘ) এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৪(৩) (ঘ) অনুযায়ী তাকে ১২-০২-২০২৩ থেকে চাকরি হতে বরখাস্ত করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ হুমায়ুন কবীর**
সচিব।

**প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়**
**শৃঙ্খলা, বিধি ও মতামত শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৯ শ্রাবন, ১৪৩০ বঙ্গাব্দ/১৩ আগস্ট, ২০২৩ খ্রিষ্টাব্দ

নং **৪৯.০০.০০০০.০৫০.২৭.০২০.২২-৬৫**—যেহেতু, জনাব সাদেকা সুলতানা, সাবেক অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), ঝালকাঠি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে (বর্তমানে চীফ ইন্সট্রাক্টর, টিটিসি, রংপুর) কর্মকালীন অধ্যক্ষের জন্য নির্ধারিত এয়ারমার্ককৃত বাসভবন ফেব্রুয়ারি/১৭ হতে ডিসেম্বর/১৯ পর্যন্ত ৩৫ মাস ব্যবহার করেছেন, কিন্তু বেতন ভাতা উত্তোলনকালীন সময় সরকারি বাড়িভাড়া ভাতা কর্তন না করায় ৩৫ মাসের বাড়ীভাড়া বাবদ ৪,০৫,৫৪৫/-(চার লক্ষ পাঁচ হাজার পাঁচশত পঁয়তাল্লিশ টাকা) বকেয়া রয়েছে যা বিএমইটি কর্তৃক তদন্তে প্রমাণিত হয়েছে;

০২। যেহেতু, ঝালকাঠি টিটিসি'র অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) পদে কর্মকালীন অধ্যক্ষের জন্য নির্ধারিত এয়ারমার্ককৃত বাসভবন ফেব্রুয়ারি/১৭ হতে ডিসেম্বর/১৯ পর্যন্ত ৩৫ মাস ব্যবহার করেছেন; কিন্তু ৩৫ মাসের বিদ্যুৎ বিল বাবদ ২২,১২৩.৫০/- (বাইশ হাজার একশত তেইশ টাকা পঞ্চাশ পয়সা) টাকা পরিশোধ করেননি, যা বিএমইটি কর্তৃক তদন্তে প্রমাণিত হয়েছে;

০৩। যেহেতু, ফেব্রুয়ারি/১৭ হতে ডিসেম্বর/১৯ পর্যন্ত ৩৫ মাসে বকেয়া বাসাভাড়া ও বিদ্যুৎ বিল বাবদ সর্বমোট ৪,২৭,৬৬৮.৫০/- (চার লক্ষ সাতাশ হাজার ছয়শত আটষট্টি টাকা পঞ্চাশ পয়সা মাত্র) টাকা ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে সরকারি কোষাগারে জমা প্রদানপূর্বক চালানের মূলকপি বিএমইটি-তে প্রেরণ করার জন্য গত ২০-০৪-২০২২ তারিখে ১০২৮ স্মারকে এবং গত ২৭-০৬-২০২২ তারিখ ১৬৫৬ স্মারকে তাঁকে নির্দেশনা প্রদান করা হলেও অদ্যাবধি উল্লিখিত অর্থ জমা করেননি যা স্পষ্টত:ই উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশ অমান্য করার শামিল;

০৪। যেহেতু, ঝালকাঠি টিটিসি'র অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) পদে থাকাকালীন ঝালকাঠি টিটিসি'র ডরমেটরি ভবনে বসবাসরত ০৭ জন প্রশিক্ষকের নিকট থেকে বিভিন্ন সময়ে ডরমেটরি ভাড়া বাবদ মোট ৮৭,০০০/- (সাতাশি হাজার) টাকা আদায় করলেও উক্ত টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করেনি, যা বিএমইটি কর্তৃক তদন্তে প্রমাণিত হয়েছে। এ রূপ আচরণ অসদাচরণ ও শাস্তিযোগ্য অপরাধ হিসেবে গণ্য করা হয় এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২ (খ) মোতাবেক অসদাচরণ অভিযোগে অভিযুক্ত করে মামলা নং ০৪/২০২২, ১৮-০১-২০২৩ তারিখ রুজু করে কারণ দর্শানো হয়;

০৫। যেহেতু, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ১৮ জানুয়ারি ২০২৩ তারিখের ৪৯.০০.০০০০ .০৫০.২৭.০২০.২২-০৬ নং স্মারকমূলে তার বিরুদ্ধে অভিযোগ গঠন

করে কারণ দর্শানো হয় এবং একইসাথে তিনি ব্যক্তিগত শুনানি চান কিনা তা জানতে চাওয়া হয়।

০৬। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর আলোকে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করলে ৩১-০৫-২০২৩ তারিখ শুনানী গ্রহণ করা হয়। শুনানীকালে তিনি সত্যতা স্বীকার করেছেন এবং সে পরিপ্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) ধারায় অসদাচরণের অভিযোগ প্রমাণিত হওয়ায় সামগ্রিক বিচারে তাঁকে লঘুদণ্ড আরোপ করা সমীচীন বলে প্রতীয়মান হয়;

০৭। সেহেতু, জনাব সাদেকা সুলতানা, সাবেক অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), ঝালকাঠি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (বর্তমানে চীফ ইন্সট্রাক্টর, টিটিসি, রংপুর)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ উপবিধি ২ (১) এর (গ) অনুযায়ী কর্তব্যে অবহেলা ও সরকারি আর্থিক বিধি যথাযথ প্রতিপালন না করার দায়ে সরকারের আর্থিক ক্ষতির মোট ৫,১৪,৬৬৮.৫০/-(পাঁচ লক্ষ চৌদ্দ হাজার ছয়শত আটষট্টি টাকা পঞ্চাশ পয়সা মাত্র) টাকা হতে একমাসের মধ্যে এককালীন ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা এবং অবশিষ্ট ৩,১৪,৬৬৮.৫০/- (তিন লক্ষ চৌদ্দ হাজার ছয়শত আটষট্টি টাকা পঞ্চাশ পয়সা মাত্র) টাকা পরবর্তী মাস হতে মাসিক ১০,০০০/- (দশ হাজার) টাকা কিস্তিতে সরকারি কোষাগারে জমা প্রদানপূর্বক জমার প্রমাণক যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে এ মন্ত্রণালয়ে পেশ করতে নির্দেশ প্রদান করা হলো।

০৭। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. আহমেদ মুনিরুছ সালেহীন**
সিনিয়র সচিব।

---

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ**
**নির্মাণ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২ কার্তিক ১৪৩০/১৮ অক্টোবর ২০২৩

**নং ৫৯.০০.০০০০.১৩১.১৪.০৪২.২২-১৪০**—স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতাধীন মানিকগঞ্জ শহরে অবস্থিত ২০ শয্যাবিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্রের নাম পরিবর্তনপূর্বক "ফৌজিয়া মালেক মা ও শিশু কল্যাণ কেন্দ্র, শিশুবান্ধব হাসপাতাল" শিরোনামে নামকরণ করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ মফিজুল ইসলাম**
উপসচিব (নির্মাণ)।

---

**জাতীয় রাজস্ব বোর্ড**
**[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ০৬ কার্তিক, ১৪৩০ বঙ্গাব্দ/২২ অক্টোবর ২০২৩ খ্রি:

**নং ৪৩/২০২৩/কাস্টমস/৫১১**—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক চট্টগ্রাম বিমান বন্দরে অবস্থিত মেসার্স বেলাজিও লিমিটেড, (বন্ড লাইলেন্স নং-৫(১৩) কাবক/চট্ট:/বন্ড (শুল্কমুক্ত বিপনী)/লাই:/০২/২০১৯, তারিখ : ১৩-০২-২০১৯ খ্রি.) নামীয় শুল্কমুক্ত বিপনী এর অনুকূলে ২০২৩-২০২৪ অর্থবছরের জন্য নিম্নবর্ণিত বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ করা হলো :

| ক্র. নং | পণ্যের বিবরণ | বার্ষিক আমদানি প্রাপ্যতা (মাঃডঃ) |
|---|---|---|
| ০১ | Cigarettes & Tobacco | ৪০,০০০.০০ |
| ০২ | Alcoholic & Beverage (Liquor, Beer, Wine) | ৫০,০০০.০০ |
| ০৩ | Cosmetic and Toiletries | ৫,০০০.০০ |
| ০৪ | Beverage (Non-alcoholic), Confectionary, Electronics, Gift Item | ৫,০০০.০০ |
| | সর্বমোট | ১,০০,০০০.০০ (কথায়: এক লক্ষ মার্কিন ডলার) |

**নং ৪৪/২০২৩/কাস্টমস/৫১২**—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক আখাউড়া ল্যান্ড কাস্টমস স্টেশনে অবস্থিত মেসার্স বেলাজিও লিমিটেড, (বন্ড লাইলেন্স নং-১/কাস-পিবিডব্লিউ/আখাউড়া/২০১৫, তারিখ : ০১-০৭-২০১৫ খ্রি.) নামীয় শুল্কমুক্ত বিপনী এর অনুকূলে ২০২৩-২০২৪ অর্থবছরের জন্য নিম্নবর্ণিত বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ করা হলো :

| ক্র. নং | পণ্যের বিবরণ | বার্ষিক আমদানি প্রাপ্যতা (মাঃডঃ) |
|---|---|---|
| ০১ | সিগারেট, সিগার ও টোবাকো | ৫২,৫০০.০০ |
| ০২ | লিকার ও অন্যান্য ড্রিংকস (মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অনুমতি সাপেক্ষে) | ২৫,৫৪৩.০০ |
| ০৩ | কসমেটিক্স ও টয়লেট্রিজ সামগ্রী | ৮,৫০০.০০ |
| ০৪ | কনফেকশনারী, ইলেকট্রনিক্স, গিফট আইটেম, জুয়েলারী ও নন অ্যালকোহলিক বেভারেজ | ৬,০০০.০০ |
| | **সর্বমোট** | **৯২,৫৪৩.০০ (কথায়: বিরানব্বই হাজার পাঁচশত তেতাল্লিশ মার্কিন ডলার)** |

**মুহা: মাহবুবুর রহমান**
প্রথম সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)।

---

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ অধিশাখা-২**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২৭ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ/১২ অক্টোবর ২০২৩ খ্রি.

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৩.০১২.১৯.২২৭**—The State Acqusition And Tneancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules 1950 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজার স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

| ক্রম | মৌজার নাম | জে.এল নম্বর | মোট খতিয়ান | খতিয়ান নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ডুমুরিয়া চান্দপুর | ১৬৪ | ৯৯৩ | ১০০৭, ১০২২ | ২টি | কুমিল্লা সদর | কুমিল্লা |

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৬.০৪০.১২(অংশ-১).২২৮**—The State Acqusition And Tneancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules 1950 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

| ক্রম | মৌজার নাম | জে.এল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | হিজলা | ১৬ | ৩৮০৭ | চিতলমারী | বাগেরহাট | |
| ২ | সায়েড়া | ১০১ | ২০৪৮ | বাগেরহাট সদর | বাগেরহাট | |
| ৩ | বাসাবাড়ী | ১৫৬ | ১২৭৬ | বাগেরহাট সদর | বাগেরহাট | |
| ৪ | নাজালদাড়িয়া | ১০২ | ১১৭২ | আশাশুনি | সাতক্ষীরা | মহামান্য হাইকোর্ট বিভাগে ৭৩৬৪/২০২২ নং রিট মামলা থাকায় রিট সংশ্লিষ্ট ৪৯৫ নম্বর খতিয়ান ব্যতীত। |
| ৫ | মঠবাড়ী | ৪০ | ৮০২ | পাইকগাছা | খুলনা | |
| ৬ | গড়ুইখালী | ১৬৫ | ৯২৯ | পাইকগাছা | খুলনা | |

তারিখ : ১০ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ/২৬ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

নং ৩১.০০.০০০০.০৪৯.৩৬.০৪০৯.১৯.২৩৬—The Survey Act, 1875 (১৮৭৫ সনের ৫ম আইন) এর ৩ ধারা এবং The State Acquisition And Tenancy Act, 1950 (১৯৫১ সনের ২৮ নম্বর আইন) এর ১৪৪ ধারার ১ নম্বর উপ-ধারায় বর্ণিত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক নোয়াখালী জেলার হাতিয়া উপজেলার ১৩টি মৌজার জরিপ আরম্ভ করার প্রশাসনিক অনুমোদন জ্ঞাপন করা হলো :

| ক্রম | মৌজার নাম | জে.এল নম্বর | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| ১ | চর কালাম | ৭৫ | হাতিয়া | নোয়াখালী |
| ২ | খাজার চর | ৭৬ | হাতিয়া | নোয়াখালী |
| ৩ | চর রওশন | ৭৭ | হাতিয়া | নোয়াখালী |
| ৪ | চর বাহাউদ্দিন প্রকাশ দমার চর | ৭৮ | হাতিয়া | নোয়াখালী |
| ৫ | চর জোহান | ৭৯ | হাতিয়া | নোয়াখালী |
| ৬ | বাল্যার চর | ৮০ | হাতিয়া | নোয়াখালী |
| ৭ | চর আফতাব প্রকাশ চর ফাহিম | ৮১ | হাতিয়া | নোয়াখালী |
| ৮ | চর ইউনুছ | ৮২ | হাতিয়া | নোয়াখালী |
| ৯ | নতুন চর ইউনুছ | ৮৩ | হাতিয়া | নোয়াখালী |
| ১০ | চর কমলা | ৮৪ | হাতিয়া | নোয়াখালী |
| ১১ | কর্ণার অব চর ওসমান | ৮৫ | হাতিয়া | নোয়াখালী |
| ১২ | চর কবিরা | ৮৬ | হাতিয়া | নোয়াখালী |
| ১৩ | চর মুয়ীদ | ৮৭ | হাতিয়া | নোয়াখালী |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এস এম জাহাঙ্গীর হোসেন**
উপসচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৬**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৯ কার্তিক ১৪৩০/২৫ অক্টোবর ২০২৩

নং ১০.০০.০০০০.১৩০.২৭.০০৫.২২-৪২০—যেহেতু ভোলা জেলার তজুমদ্দিন সাব-রেজিস্ট্রি অফিসের সাব-রেজিস্ট্রার জনাব নুরুল ইসলাম-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩(খ) অনুযায়ী অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা নম্বর: ০৬/২০২৩ রুজু করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ গুরুতর;

যেহেতু আনীত অভিযোগসমূহ পূর্ণাঙ্গ তদন্তের স্বার্থে তাকে বিভাগীয় মামলা চলাকালীন কর্মে বহাল রাখা সমীচীন হবে না;

সেহেতু সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ১২(১) অনুযায়ী ভোলা জেলার তজুমদ্দিন সাব-রেজিস্ট্রি অফিসের সাব-রেজিস্ট্রার জনাব নুরুল ইসলাম-কে সাময়িক বরখাস্ত করা হলো। তিনি সাময়িক বরখাস্তকালীন নিবন্ধন অধিদপ্তর-এ সংযুক্ত থাকবেন এবং বিধি মোতাবেক ভাতাদি প্রাপ্ত হবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ গোলাম সারওয়ার**
সচিব।

## আদেশাবলী

তারিখ : ০৯ কার্তিক ১৪৩০/২৫ অক্টোবর ২০২৩

নং **১০.০০.০০০০.১৩০.১১.০৬৮.২৩.৪৩৪**—The Notaries Ordinanace, 1961 (১৯৬১ সালের ১৯নং অধ্যাদেশ)-এর ০৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে পটুয়াখালী জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মোঃ রেজাউল করিম, পিতা-মোঃ চাঁন মিয়া সিকদার, মাতা-মোছাঃ বানেছা বেগম-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের নোটারী হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ দান করা হইল :

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্তত তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ-এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহের পূর্ববর্তী বৎসরে নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ : ১৩ কার্তিক ১৪৩০/২৯ অক্টোবর ২০২৩

নং **১০.০০.০০০০.১৩০.১১.০৮৪.২৩.৪৩৬**—The Notaries Ordinanace, 1961 (১৯৬১ সালের ১৯নং অধ্যাদেশ)-এর ০৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব আয়েশা পারভীন, পিতা-আব্দুল মালেক, মাতা-রাশিদা বেগম-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের নোটারী হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ দান করা হইল :

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্তত তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ-এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহের পূর্ববর্তী বৎসরে নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ্ মোঃ সালাহউদ্দিন খাঁ**
উপসচিব (রেজিস্ট্রেশন)।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**জেলা পরিষদ শাখা**

## শোকবার্তা

তারিখ : ৩০ আশ্বিন ১৪৩০/১৫ অক্টোবর ২০২৩

নং **৪৬.০০.০০০০.০৪২.১৮.০০১.১৯(১)-১৯৭৯**—যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা জনাব আল-মামুন সরকার, চেয়ারম্যান, জেলা পরিষদ ব্রাহ্মণবাড়িয়া গত ০২-১০-২০২৩ তারিখে মৃত্যুবরণ করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তিনি তাঁর ওপর অর্পিত দায়িত্ব পালনে সদা সচেষ্ট ছিলেন।

২। স্থানীয় সরকার বিভাগ যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা জনাব আল-মামুন সরকার, চেয়ারম্যান, জেলা পরিষদ ব্রাহ্মণবাড়িয়া এর মৃত্যুতে গভীর শোক প্রকাশসহ তাঁর আত্মার মাগফিরাত কামনা করছে এবং মরহুমের শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।

**মুহম্মদ ইব্রাহিম**
সচিব।

পাস-২ শাখা

**প্রজ্ঞাপন**

তারিখ : ২২ অক্টোবর ২০২৩

নং ৪৬.০০.০০০০.০৮৫.২৮.০২৫.২০২২-৬০৯—পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬ এর ৭(১) ধারা অনুযায়ী সিলেট ওয়াসা বোর্ডের সদস্যগণের মধ্য হতে জনাব ডা. এ. কে. এম. হাফিজ, পিতাঃ মৃত মোঃ আজিজুর রহমান, ৩৬ হাউজিং এস্টেট, লেন নং-৫, আম্বরখানা, সিলেট-কে নির্দেশক্রমে সিলেট ওয়াসা বোর্ডের চেয়ারম্যান নিয়োগ করা হলো।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ মুস্তাফিজুর রহমান**
উপসচিব।

---

উন্নয়ন-১ শাখা

**প্রজ্ঞাপন**

তারিখ : ১০ কার্তিক ১৪৩০/২৬ সেপ্টেম্বর ২০২৩

নং ৪৬.০০.০০০০.০৬৭.২৭.০১৫.২০২২-৮৮৯—যেহেতু, জনাব মোঃ আবুল হাশেম, উপজেলা সহকারী প্রকৌশলীর দপ্তর, এলজিইডি, উজেলা-ভেড়ামারা, জেলা কুষ্টিয়া; সাবেক কর্মস্থল পাবনা জেলার সাঁথিয়া উপজেলা প্রকৌশলীর অতিরিক্ত দায়িত্ব পালনকালীন পাবনা জেলার সাঁথিয়া উপজেলাধীন Periodic Maintenance of Santhia Upazila H/Q-Pabna Nagarbari R&H at 24 Mile Road (Ch. 251-3100m) কাজে ৩ কিলোমিটার রাস্তায় প্রায় ১,০০,০০০ (এক লক্ষ) ঘনফুট মাটির কাজ বাস্তবায়নের জন্য নির্ধারিত থাকলেও মাটির কাজ না করেই পেভমেন্টের কাজ শুরু করায় বর্ষা মৌসুমে রাস্তার বিভিন্ন চেইনেজে পুকুর, খাল ও ডোবাসংলগ্ন স্থানগুলো ধসে যাওয়াসহ পেভমেন্ট ক্ষতিগ্রস্ত হয়ে Settle করে গিয়েছে এবং কোনো কোনো স্থানে Longitudinal Crack হয়েছে;

যেহেতু, Periodic Maintenance of Santhia Upazila H/Q-Pabna nagarbari R&H at 24 Mile Road (Ch. 3100-6100m) কাজে কার্পেটিং এর পুরুত্ব কম করা হলেও ১০০% কার্পেটিং কাজের বিল প্রদান করেছে। সমুদয় রাস্তার দৈর্ঘ্য বরাবর প্রায় ১,১৫,০০০ (এক লক্ষ পনের হাজার ) ঘনফুট মাটির কাজ বাস্তাবায়নের জন্য নির্ধরিত থাকলেও বাস্তবে ১০% মাটির কাজও সম্পাদন করা হয়নি। গুরুত্বপূর্ণ সড়কটিতে মাটির কাজ না করেই শুধু পেভমেন্ট মেরামত করার অনুমতি প্রদান এবং মাটির কাজ না করা সত্ত্বেও চুক্তি মুল্যের ৯০% বিল প্রদানে সহযোগিতা করে গুরুতর অনিয়ম করেছেন। তাছাড়া মাটির কাজ না করার ফলে বর্ষা মৌসুমে রাস্তার বিভিন্ন চেইনেজে পুকুর, খাল ও ডোবা সংলগ্ন স্থানগুলো ধসে যাওয়াসহ পেভমেন্ট ক্ষতিগ্রস্ত হয়ে Settle করে গিয়েছে এবং কোনো কোনো স্থানে Longitudinal Crack হয়োছে;

যেহেতু, কার্পেটিং এর পুরুত্ব কম করা সত্ত্বেও কার্পেটিংয়ের ১০০% বিল ও মাটির কাজ না করা সত্ত্বেও চুক্তিমূল্যের ৯০% বিল প্রদানে সহযোগিতা করায় প্রতীয়মান হয় যে অবৈধভাবে আর্থিক লাভবান হওয়ার উদ্দেশ্যে ঠিকাদারের সঙ্গে পরস্পর যোগসাজসে বর্ণিত অনিয়ম করেছে;

যেহেতু, বর্ণিত ত্রুটিপূর্ণভাবে কাজ বাস্তবায়ন করায় সরকারি অর্থের অপচয়, সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ন হওয়ায়সহ বিভিন্ন অভিযোগে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধিতে বর্ণিত যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতিপরায়ণতার দায়ে ১৫/২০২২ নম্বর বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, গত ১৭-১০-২০২২ তারিখে বিভাগীয় মামলার শুনানী হয়। ন্যায় বিচারের স্বার্থে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২)(ঘ) অনুযায়ী আনীত অভিযোগ তদন্তের জন্য এ বিভাগের যুগ্মসচিব জনাব মোঃ আল্-আমিন সরকারকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা গত ১৫-০৬-২০২৩ তারিখের ৪৬.০০.০০০০.০৯৪.১৪.২৮৫.২০২৩-৩৬৬ নম্বর স্মারকের মাধ্যমে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে উল্লেখ করেন যে, পরিদর্শনকালে দৈর্ঘ্য, প্রস্থ, পুরুত্ব সঠিকসহ রাস্তার সার্বিক কাজের গুণগতমান ভাল পাওয়া যায়। এছাড়াও বিভিন্ন চেইনেজে পুকুর, খাল ও ডোবা সংলগ্ন স্থানগুলোতে পেভমেন্ট ধসে পড়া বা Longitudinal Crack পাওয়া যায়নি। চেইনেজ ৩১০০—৬১০০ মিটার এর মাটির কাজের চূড়ান্ত বিল প্রদানের জন্য তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনাব মোঃ নবীউল ইসলাম কর্তৃক প্রদত্ত মানসম্পন্ন কাজের প্রত্যয়নের প্রেক্ষিতে ১০০% বিল প্রদান করা হয়েছে। এ বিষয়ে জনাব মোঃ আবুল হাশেম, উপজেলা সহকারী প্রকৌশলী, উপজেলা প্রকৌশলীর দপ্তর, এলজিইডি, উপজেলা-ভেড়ামারা, জেলা-কুষ্টিয়া (সাবেক কর্মস্থল- উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সাঁথিয়া, পাবনা) এর বিরুদ্ধে অভিযোগনামায় বর্ণিত অভিযোগ প্রমাণিত হয়নি মর্মে তদন্তকারী কর্মকর্তা মতামত প্রদান করেছেন।

সেহেতু, জনাব মোঃ আবুল হাশেম এর বিরুদ্ধে বিভাগীয় মামলার অভিযোগনামা, অভিযোগ বিবরণী, অভিযোগনামার প্রেক্ষিতে দাখিলকৃত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন এবং আনুষঙ্গিক রেকর্ডপত্র পর্যালোচনায় জনাব মোঃ আবুল হাশেম, উপজেলা সহকারী প্রকৌশলী, উপজেলা প্রকৌশলীর দপ্তর, এলজিইডি, উপজেলা-ভেড়ামারা, জেলা-কুষ্টিয়া (সাবেক কর্মস্থল-উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সাঁথিয়া, পাবনা)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধিতে বর্ণিত অসদাচরণ ও দুর্নীতির অভিযোগের দায় হতে একই বিধিমালার ৭(৮) বিধি মোতাবেক তাকে অব্যাহতি প্রদান করে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহম্মদ ইব্রাহিম**
সচিব।

### পৌর-১ শাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ০৯ কার্তিক ১৪৩০/২৫ সেপ্টেম্বর ২০২৩

নং **৪৬.০০.০০০০.০৬৩.২৭.০০৩.২০(অংশ-১) ১৬০৮**—যেহেতু, জনাব মোঃ জাহাঙ্গীর আলম, পিতা : মোঃ আফতাব হোসেন, গ্রাম : সি.ও. অফিস রোড, ডাকঘর : দুপচাঁচিয়া, উপজেলা : দুপচাঁচিয়া, জেলা : বগুড়া, দুপচাঁচিয়া পৌরসভার মেয়র এর দায়িত্ব পালন করছেন; এবং

যেহেতু, তাঁর বিরুদ্ধে বগুড়া সদর থানার বিজ্ঞ ১ম শ্রেণীর ম্যাজিস্ট্রেট আদালতে দায়েরকৃত জিআর ২৬/৯৬ (দুপচাঁচিয়া) মামলায় পাবলিক পরীক্ষা নিয়ন্ত্রণ আইন, ১৯৮০ এর ধারা ১১ অনুযায়ী গত ২৭ ফেব্রুয়ারি ২০০৫ তারিখে ৬ (ছয়) মাসের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করা হয়; এবং

যেহেতু, উক্ত মামলায় আরোপিত দণ্ড সম্পর্কিত তথ্য গোপন করে ১৩ জানুয়ারি ২০২০ তারিখে অনুষ্ঠিত দুপচাঁচিয়া পৌরসভার মেয়র পদের নির্বাচনে মনোনয়নপত্রের সাথে দাখিলকৃত হলফনামায় মিথ্যা তথ্য প্রদান করেছেন, যা স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৩২ ধারায় পরিপন্থি মর্মে বাংলাদেশ নির্বাচন কমিশন কর্তৃক জানানো হয়েছে; এবং

যেহেতু, পৌারসভার নির্বাচনের প্রার্থিতা দাখিলের ক্ষেত্রে হলফনামায় মিথ্যা তথ্য দাখিল করায় স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৩২(১)(ঘ)(জ) এবং (২) অনুযায়ী তাকে মেয়র এর পদ হতে অপসারণের কার্যক্রম শুরু করা হয়েছে; এবং

যেহেতু, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩১(১) অনুযায়ী কোনো পৌরসভার মেয়র এর বিরুদ্ধে অপসারণের কার্যক্রম শুরু করা হলে অথবা ফৌজদারী মামলায় অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হলে, সে ক্ষেত্রে নির্ধারিত কর্তৃপক্ষের বিবেচনায় মেয়র কর্তৃক ক্ষমতা প্রয়োগ পৌরসভার স্বার্থের পরিপন্থী অথবা প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন না হলে সরকার কর্তৃক লিখিত আদেশের মাধ্যমে মেয়র অথবা কাউন্সিলরকে সাময়িকভাবে বরখাস্ত করতে পারবে মর্মে বিধান রয়েছে; এবং

যেহেতু, পৌরসভার নির্বাচনের প্রাথিতা দাখিলের ক্ষেত্রে হলফনামায় মিথ্যা তথ্য দাখিল করায় 'অসদাচরণ' এর দায়ে তাকে মেয়র এর পদ হতে অপসারণের কার্যক্রম শুরু করায়, তাঁর কর্তৃক দুপঁচাচিয়া পৌরসভার মেয়র এর ক্ষমতা প্রয়োগ করা প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে,

সেহেতু, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩১(১) অনুযায়ী জনাব মোঃ জাহাঙ্গীর আলম, পিতা : মোঃ আফতাব হোসেন, গ্রাম : সি.ও. অফিস রোড, ডাকঘর : দুপচাঁচিয়া, উপজেলা : দুপচাঁচিয়া, জেলা : বগুড়া-কে দুপচাঁচিয়া পৌসভার মেয়র এর পদ হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৬.০০.০০০০.০৬৩.২৭.০০৩.২০(অংশ-১)-১৬০৯**—বগুড়া জেলার দুপচাঁচিয়া পৌরসভার মেয়র জনাব মোঃ জাহাঙ্গীর আলম এর বিরুদ্ধে বগুড়া সদর থানার বিজ্ঞ ১ম শ্রেণীর ম্যাজিস্ট্রেট আদালতে দায়েরকৃত জিআর ২৬/৯৬ (দুপচাঁচিয়া) মামলায় পাবলিক পরীক্ষা নিয়ন্ত্রণ আইন, ১৯৮০ এর ধারা ১১ অনুযায়ী গত ২৭ ফেব্রুয়ারি ২০০৫ তারিখে ৬ (ছয়) মাসের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করা হয়। উক্ত মামলায় আরোপিত দণ্ড সম্পর্কিত তথ্য গোপন করে ১৩ জানুয়ারি ২০২০ তারিখে অনুষ্ঠিত দুপচাঁচিয়া পৌরসভার মেয়র পদের নির্বাচনে মনোনয়নপত্রের সাথে দাখিলকৃত হলফনামায় মিথ্যা তথ্য প্রদান করেছেন, যা স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৩২ ধারায় পরিপন্থি মর্মে বাংলাদেশ নির্বাচন কমিশন কর্তৃক জানানো হয়েছে। স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩২(১)(ঘ), (জ) এবং (২) অনুযায়ী তাঁকে উক্ত পৌরসভার মেয়র পদ হতে অপসারণের কার্যক্রম শুরু করা হয়েছে এবং উক্ত আইনের ধারা ৩১(১) অনুযায়ী তাঁকে দুপচাঁচিয়া পৌরসভার মেয়র পদ হতে সামায়িকভাবে বরখাস্ত করা হয়েছে।

২। এমতাবস্থায়, দুপচাঁচিয়া পৌরসভার মেয়র জনাব মোঃ জাহাঙ্গীর আলমকে পৌরসভার মেয়র পদ হতে অপসারণের কার্যক্রম শুরু করায় এবং তাঁকে মেয়র পদ হতে সাময়িকভাবে বরখাস্ত করায় স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩১(২) অনুযায়ী দুপচাঁচিয়া পৌরসভার মেয়র প্যানেলের জ্যেষ্ঠতার ক্রম অনুযায়ী প্যানেল মেয়র-১-কে উক্ত পৌরসভার মেয়র এর দায়িত্ব অর্পণ করা হলো।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আব্দুর রহমান**
উপসচিব।

---

### শিক্ষা মন্ত্রণালয়
### কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
### কারিগরি শাখা-০৪

### প্রজ্ঞাপন

তারিখ : ১৭ কার্তিক ১৪৩০/০২ নভেম্বর ২০২৩

নং **৫৭.০০.০০০০.০৫৩.০৪.০০৪.১৯.২১৩**—যেহেতু, জনাব মোঃ মনোয়ার হোসেন ভূঁইয়া, চিফ ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল), ভৈরব সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ ১৮-০৯-২০১৬ হতে ২৩-০৭-২০১৯ তারিখ পর্যন্ত ২(দুই) বছর ১০(দশ) মাস ৫(পাঁচ) দিন অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে বিভাগীয় মামলা রুজু করে তাঁর বর্তমান ও স্থায়ী ঠিকানায় অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়, কিন্তু কোনো জবাব না পাওয়ায়; এবং

২। যেহেতু, তাঁর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা নিষ্পত্তির লক্ষ্যে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর ৭(৩) বিধিমতে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

৩। যেহেতু, এতদুদ্দেশ্যে নিয়োগকৃত তদন্ত কর্মকর্তা কর্তৃক ১৮-০৯-২০১৬ হতে ২৫-০১-২০২০ তারিখ তদন্ত চলাকালীন পর্যন্ত তাঁর অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগ প্রমাণিত হয়; এবং

৪। যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং বিভাগীয় মামলা সংশ্লিষ্ট নথি ও অন্যান্য কাগজপত্রসহ প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) বিধিমতে "পলায়ন" এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁকে

উক্ত বিধিমালার ৪(৩)(ঘ) বিধিমতে 'চাকরি হতে বরখাস্ত' নামক গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণক্রমে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ জারী করে ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব প্রদানের নির্দেশ দেওয়া হয়, কিন্তু কোনো জবাব না পাওয়ায়; এবং

৫। যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) বিধিমতে "পলায়ন" এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধিমতে 'চাকরি হতে বরখাস্ত' নামক প্রস্তাবিত গুরুদণ্ড আরোপের বিষয়ে বাংলাদেশ সরকারি কর্মকমিশন প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক গৃহীত প্রাথমিক সিদ্ধান্তের সঙ্গে একমত পোষণ করে; এবং

৬। সেহেতু, জনাব মোঃ মনোয়ার হোসেন ভূঁইয়া, চিফ ইন্স্ট্রাক্টর (ইলেকট্রিক্যাল), (নন-ক্যাডার, বেতন স্কেল-৩৫৫০০—৬৭০১০, বেতন গ্রেড-৬) ভৈরব সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন, বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) বিধিমতে "পলায়ন" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাঁকে একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধিমতে ১৮-০৯-২০১৬ তারিখ থেকে 'চাকরি হতে বরখাস্ত' করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ কামাল হোসেন**
সিনিয়র সচিব।

**তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়**
**চলচ্চিত্র-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১ কার্তিক ১৪৩০/১৭ অক্টোবর ২০২৩

নং **১৫.০০.০০০০.০২৭.২৭.০০১.১৯.২৬৪**—জনাব মোঃ ইসলাম মিয়া, প্রযোজক, মেসার্স সচেতন ফিল্ম মিডিয়া, ৭৩, ইস্টার্ণ কমার্শিয়াল কমপ্লেক্স, কাকরাইল, ঢাকা কর্তৃক নির্মিত 'আমার শেষ কথা' নামক চলচ্চিত্রটি The Censorship of Films Act, 1963 (Amendment, 2006) এর 4B(1) উপধারা লঙ্ঘন করায় আপিল আবেদন নামঞ্জুর করা হলো।

২। আপিল আবেদন নামঞ্জুর হওয়ায় চলচ্চিত্রটি সনদপত্রবিহীন হিসেবে গণ্য হবে বিধায় সমগ্র বাংলাদেশে উহার প্রদর্শনী নিষিদ্ধ করা হলো এবং চলচ্চিত্রটি কোথাও প্রদর্শিত হলে তা বাজেয়াপ্তকরণসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সাইফুল ইসলাম**
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)।